

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 14-11-2024**

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM, Jana Aushadhi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল সারা দেশের বিভিন্ন রেল স্টেশনে ১৮টি প্রধানমন্ত্রী ভারতীয় জন ঔষধি কেন্দ্রের উদ্বোধন করেন। তিনি বিহারের দারভাঙ্গা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই কেন্দ্রগুলি এবং ১২ হাজার কোটি টাকারও বেশি মূল্যের অন্যান্য উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেন।

প্রধানমন্ত্রী বিহারের দারভাঙ্গা থেকে ভার্চুয়ালি গতকাল আগরতলা রেলস্টেশনেও জন ঔষধি কেন্দ্রের উদ্বোধন করেন। এই উপলক্ষে আগরতলা রেলস্টেশনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য সহ অন্যান্যরা।

PM, Dharti Aba:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল জনজাতি গৌরব দিবসে বিহারের জামুই সফরে যাবেন। আগামীকাল সকাল ১১টায় ধরতি আবা ভগবান বিরসা মুণ্ডার ১৫০ তম জন্মবার্ষিকী বর্ষ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের সূচনা করে প্রধানমন্ত্রী ভগবান বিরসা মুণ্ডার সম্মানে একটি স্মারক মুদ্রা ও ডাকটিকিট প্রকাশ করবেন। তিনি এই অঞ্চলের গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলের উপজাতি সম্প্রদায়ের উন্নয়ন এবং পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে ৬,৬৪০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি 'প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান' বা পি এম -জন মনের অধীনে নির্মিত ১১ হাজার আবাসের গৃহপ্রবেশে অংশগ্রহণ করবেন।

এছাড়াও তিনি পিএম-জনমন-এর অধীনে চালু হওয়া ২৩টি মোবাইল মেডিক্যাল ইউনিট, এমএমইউ এবং আদিবাসী এলাকায় স্বাস্থ্যসেবা সম্প্রসারে ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের অধীনে অতিরিক্ত ৩০টি এমএমইউ-এর উদ্বোধন করবেন।

Doner Minister:

কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া দুই দিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আজ সন্ধ্যায় আগরতলা পৌঁছুবেন। তিনি আগামীকাল সকালে আগরতলায় জনজাতীয় গৌরব দিবস অনুষ্ঠানে যোগ দেবেন। এরপর মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ড, মিজোরামে গিয়েও মুখ্যমন্ত্রীদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করবেন।

তিনি আগামীকাল আগরতলা থেকে যাবেন মেঘালয়ে। সেখানে তিনি রি-ভোই জেলায় অনুষ্ঠেয় চেরি বন্সম ফেস্টিভাল-২০২৪ এ অংশ নেবেন।

Cooparative Week:

আজ থেকে গুরু হচ্ছে অধিল ভারতীয় সমবায় সপ্তাহ। সমবায়ের গুরুত্ব বোঝাতেই এই সপ্তাহ উদযাপন। ৭১ তম অধিল ভারতীয় সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে আজ দুপুরে আগরতলা টাউনহলে রাজ্য ভিত্তিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহরায়। এছাড়া উপস্থিত থাকবেন সমবায়মন্ত্রী শুল্কা চরণ নোওয়াতিয়া, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের

সভাধিপতি বলাই গোস্বামী, আগরতলা পুর নিগমের মেয়র
দীপক মজুমদার প্রমুখ।

Childrens Day:

আজ শিশু দিবস। ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর জন্মদিন। শিশু দিবস উপলক্ষ্যে রাজ্যভিত্তিক অনুষ্ঠানটি হবে বিলোনিয়া শচীন দেৰমৰ্ন অডিটোরিয়ামে। উপস্থিত থাকবেন সমবায় ও সংখ্যালঘু দপ্তরের মন্ত্রী শুল্কাচারণ নোয়াতিয়া। উল্লেখ্য জওহরলাল নেহেরুকে সম্মান জানাতে শিশু দিবস পালিত হয়। তিনি শিশুদের প্রতি তাঁর ভালবাসা এবং তাদের শিক্ষা ও যত্নের উপর জোর দেওয়ার জন্য চাচা নেহেরু হিসেবে পরিচিত ছিলেন।

CPIM Deputation :

গতকাল দক্ষিণ জেলার রাজনগর ব্লকে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের সরকারী সহায়তা প্রদান সহ বিভিন্ন দাবিতে গন - ডেপুটেশন প্রদান করা হয়। সিপিআইএম রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য সুধন দাস, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ ডেপুটেশন উপলক্ষে আয়োজিত মিছিলে নেতৃত্ব দেন।

DM-Press Meet :

আগরতলা মহারাজা বীর বিক্রম বিমানবন্দরের পুরাতন ভবন এলাকায় আজ ভূমিকম্পের মত প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবিলায় এক মহড়া অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে গতকাল আগরতলায় এক প্রস্তুতি সভায় ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির মেজর, জেনারেল অজয় কুমার ভার্মা প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবিলায় বিশেষ করে ভূমিকম্প এলে কি কি করণীয় অথবা ভূমিকম্প আসার পূর্বেই কি কি সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

Market Raid :

খাদ্য দপ্তর ও সদর মহকুমা শাসকের এন্ডফোর্সমেন্ট টিম ঘোথভাবে গতকাল মহারাজগঞ্জ বাজারে আলু পেঁয়াজ ও তেল সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রীর পাইকারি ও খুচরো বিক্রির মধ্যে দামের সামঞ্জস্য ঘাটাই করতে অভিযান চালায়। খাদ্য পরিদর্শক সুব্রত সাহা জানিয়েছেন, এই অভিযান আগামী দিনেও চলবে।

Pendown :

বন দপ্তরের কর্মীরা নিয়মিতকরণের দাবিতে আগামী ২০শে নভেম্বর একদিনের কর্মবিরতির ডাক দিয়েছেন। গতকাল বনদপ্তরের কর্মীদের পক্ষ থেকে এবিষয়ে মুখ্যসচিব জে কে সিনহার কাছে চিঠি দেওয়া হয়েছে। উল্লেখ্য, বর্তমানে বনদপ্তরে ৩৬৩ অনিয়মিত কর্মী রয়েছেন।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের খেলা এবার আগরতলায় অনুষ্ঠিত হবে। এতে ত্রিপুরা সহ খেলবে মিজোরাম, মনিপুর ও সিকিম। আগামীকাল থেকে আগামী ১৯ নভেম্বর পর্যন্ত এই আসর উমাকান্ত মিনি স্টেডিয়ামে হবে। গতকাল এক সাংবাদিক সম্মেলনে টিএফএ'র সভাপতি প্রণব সরকার এখবর জানান।

Weather :

আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। দিনের

সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি ও সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াস
এর কাছাকাছি থাকার সম্ভবনা রয়েছে।
